তারিখঃ20/01/2014

**স্বর্ণালংকারের সাপেক্ষে ঋণদান**

**আরবিআই/2013-14/453**
**ডিবিওডি.বিপি.বিসি.নং 86/21.01.023/2013-14**

জানুয়ারি 20, 2014

সব তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক
(আরআরবি ব্যতীত)

প্রিয় মহাশয়,

**স্বর্ণালংকারের সাপেক্ষে ঋণদান**

অনুগ্রহ করে অদৃষ্টপূর্ব দায়দায়িত্ব পূরণ করা এবং চিকি󰀀সার খরচের উদ্দেশ্যে স্বর্ণালংকারের সাপেক্ষে অগ্রিম দেওয়ার বিষয়ে আমাদের নভেম্বর 22, 1994 তারিখের সার্কুলার ডিবিওডি.নং.বিসি.138/21.01.023/94 দেখুন, যেখানে স্বর্ণালংকারের সাপেক্ষে অগ্রিম দেওয়ার সময় ব্যাঙ্কগুলিকে বলা হয়েছে তারা যেন অবশ্যই প্রয়োজনীয় এবং প্রচলিত সুরক্ষা ব্যবস্থা মেনে চলে এবং নির্দেশক মন্ডলীর সম্মতিতে এই বিষয়ে উপযুক্ত নীতি নির্ধারণ করে।

2. বিচক্ষণ উপায় হিসেবে, স্বর্ণালংকারের সাপেক্ষে ঋণ দেয় (স্বর্ণালংকার বন্ধক রেখে এককালীন পরিশোধ ঋণ সহ) যেসব ব্যাঙ্ক, তাদের জন্য ঋণ ও মূল্যের একটি অনুপাত স্থির করা হয়েছে যা শতকরা 75 -এর বেশি নয়। অতএব, সেইথেকে ব্যাঙ্ক স্বর্ণালংকারের মূল্যের শতকরা 75 -এর বেশি ঋণ দেবে না।

3. ঋণগ্রহীতার কাছে মূল্যায়ন আরও স্বচ্ছ এবং মানানসই করার উদ্দেশ্যে, স্থির করা হয়েছে স্বর্ণালংকার জামিন/অতিরিক্ত জামিন হিসেবে গ্রহণ করলে তার মূল্যায়ন করা হবে 22 ক্যারাট সোনার পূর্ববর্তী 30 দিনের বাজার বন্ধের সময়ের দামের গড় হিসেব করে। ইন্ডিয়া বুলিয়ন এবং জুয়েলারি এ্যাসোসিয়েশন লিমিটেড ( আগে বম্বে বুলিয়ন এ্যাসোসিয়েশন লিমিটেড (বিবিএ) নামে পরিচিত) যে দাম ঘোষণা করবে হিসেব হবে সেই দামের ভিত্তিতে। যদি সোনা 22 ক্যারাট অপেক্ষা কম খাঁটি হয়, ব্যাঙ্ক অতিরিক্ত জামিনকে 22 ক্যারাটে রূপান্তরিত করে ঠিক কত গ্রাম হয় তার মূল্যায়ন করবে। অন্যভাবে বলতে গেলে, তুলনামূলকভাবে কম খাঁটি স্বর্ণালংকার আনুপাতিকভাবে মূল্যায়ন করা হবে।

4. আবারও বলা হচ্ছে যে ব্যাঙ্কগুলি প্রয়োজনীয় এবং প্রচলিত সুরক্ষা ব্যবস্থা মেনে চলবে এবং নির্দেশকমন্ডলীর অনুমতি নিয়ে স্বর্ণালংকারের সাপেক্ষে ঋণ দেওয়ার জন্য উপযুক্ত নীতি ঠিক করবে।

আপনার বিশ্বস্ত,

(রাজেশ ভার্মা)
মুখ্য মহাপ্রবন্ধক